

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ / ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৬১-আইন/২০২১/১৫৮-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। শিরোনাম।- এই বিধিমালা টাইলস বা স্যানিটারি পণ্যের ডিলার বা পরিবেশক কর্তৃক সরবরাহকৃত পণ্যের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়-

- (ক) “আইন” অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);
- (খ) “ব্যবসায়ী” অর্থ আইনের তৃতীয় তফসিলে সংজ্ঞায়িত ব্যবসায়ী;
- (গ) “মুসক” অর্থ মূল্য সংযোজন কর; এবং
- (ঘ) “মুসক বিধিমালা” অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬।

৩। প্রযোজ্যতা।- এই বিধিমালা শুধুমাত্র টাইলস বা স্যানিটারি পণ্যের ডিলার বা পরিবেশক যাহারা কমিশন ভিত্তিক ব্যবসা পরিচালনা করিয়া থাকেন তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে:

তবে শর্ত থাকে যে, একজন ব্যক্তি একই সাথে স্থানীয় উৎপাদনকারী প্রতিষ্ঠানের ডিলার বা পরিবেশক এবং আমদানিকৃত পণ্যের ব্যবসায়ী হইলে তাহার জন্য এই বিধিমালা প্রযোজ্য হইবে না।

৪। মূসক নিরূপণ, আদায় ও হিসাব রক্ষণ।— টাইলস বা স্যানিটারি পণ্যের ডিলার বা পরিবেশক যাহারা কমিশন ভিত্তিক ব্যবসা পরিচালনা করিয়া থাকেন তাহাদের ক্ষেত্রে নিম্নরূপে মূসক নিরূপণ, আদায় ও হিসাবরক্ষণ ব্যবস্থিত হইবে, যথা:-

- (ক) সরবরাহকারীকে টাইলস বা স্যানিটারি পণ্যের উৎপাদনকারী প্রতিষ্ঠানের ডিলার বা পরিবেশক হইতে হইবে;
- (খ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট হইতে ডিলার বা পরিবেশক কর্তৃক প্রাপ্ত কমিশনের উপর ১৫ (পনের) শতাংশ হারে মূল্য সংযোজন কর প্রদেয় হইবে;
- (গ) ডিলার বা পরিবেশক কর্তৃক বিভাগীয় কর্মকর্তার নিকট উপকরণ-উৎপাদ সহগ ফরম মূসক-৪.৩ দাখিলের সময় কলাম (৫), (৬), (৭), (৮) ও (৯) ফাঁকা রাখা যাইবে এবং কলাম (১০) এ কমিশন লিপিবদ্ধ করিয়া কলাম (১১) এ কমিশনের পরিমাণ উল্লেখ করিতে হইবে;
- (ঘ) স্যানিটারি ওয়্যার বা টাইলস উৎপাদনকারী কর্তৃক গৃহীত সরবরাহ মূল্যের মধ্যে ডিলার বা পরিবেশক এর কমিশন অন্তর্ভুক্ত থাকিলে এবং উক্তরূপ সরবরাহ মূল্যের বিপরীতে সমুদয় মূসক উৎপাদন পর্যায়ে পরিশোধিত হইলে ডিলার বা পরিবেশক কর্তৃক উক্ত পণ্য সরবরাহ করযোগ্য সরবরাহ হিসাবে বিবেচিত হইবে না, এবং উক্ত সরবরাহের ক্ষেত্রে ডিলার বা পরিবেশক পর্যায়ে মূসক প্রদেয় হইবে না, তবে এইরূপ ক্ষেত্রে পরিশিষ্ট অনুযায়ী ডিলার বা পরিবেশক সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট উৎপাদনকারী কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র প্রতি করমেয়াদ সমাপ্ত হইবার ১৫ (পনের) দিনের মধ্যে দাখিল করিবে;
- (ঙ) একজন ব্যক্তি একাধিক উৎপাদনকারী প্রতিষ্ঠানের ডিলার বা পরিবেশক হইলে প্রতিটি প্রতিষ্ঠানের জন্য আলাদা আলাদা মূসক ৪.৩ দাখিল করিতে হইবে;
- (চ) এই বিধিমালার অধীন প্রদেয় মূসকের বিপরীতে কোনো ধরনের রেয়াত প্রযোজ্য হইবে না;
- (ছ) দফা (গ) এর অধীন দাখিলকৃত সহগ সংগতিপূর্ণ না হইলে আইনের ধারা ৭৩ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ অনুযায়ী সংশ্লিষ্ট কমিশনার যথাযথ মূসক আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে;
- (জ) আইনের ধারা ১০৭ এবং মূসক বিধিমালার বিধি ৪০ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে রেকর্ডপত্র এবং হিসাব সংরক্ষণ করিতে হইবে।

## পরিশিষ্ট

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, ----- নামীয় ডিলার বা পরিবেশক বরাবর সরবরাহকৃত ----- (পরিমাপের সংখ্যা ও একক) ----- (পণ্যের নাম) সরবরাহের বিপরীতে প্রাপ্ত বা প্রাপ্য সরবরাহ মূল্যের মধ্যে কমিশন অন্তর্ভুক্ত রহিয়াছে এবং উক্ত সরবরাহ মূল্যের উপর আরোপিত সমুদয় মুসক উৎপাদন পর্যায়ে ----- কর মেয়াদের দাখিলপত্রের মাধ্যমে পরিশোধিত হইয়াছে।

সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম:

ঠিকানা:

ফোন নম্বর:

মুসক নিবন্ধন নম্বর:

পণ্য সরবরাহের তারিখ:

কর চালানপত্রের তারিখ ও নম্বর:

প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম

পদবি

স্বাক্ষর

সীল

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( মোঃ মাসুদ সাদিক )

সদস্য (মুসক নীতি)